

পশ্চিমবঙ্গ সরকার  
খাদ্য ও সরবরাহ দপ্তর  
১১এ, মির্জা গালিব স্ট্রিট, কলকাতা-৭০০০৮৭

নং - 362-FS/Sectt/Food/14R-01/2013(Pt.I)

তারিখ- 10.02.2016

আদেশনামা

রাজ্য সরকার খাদ্য ও সরবরাহ দপ্তরের 23.12.2015 তারিখের 68-SS/FS/Sectt/14R-01/2013 নম্বর আদেশনামার মাধ্যমে রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা চালু করেছে। আবার এই দপ্তরের 01.02.2016 তারিখের 91-SS/FS/Sectt/14R-01/2013 নম্বর আদেশনামায় বলা হয়েছে যে সমস্ত ব্যক্তি বা পরিবার গণ-বণ্টন ব্যবস্থার মাধ্যমে রাজ্য খাদ্য সুরক্ষা যোজনায় ভর্তুকি-যুক্ত খাদ্য সামগ্রী পেতে ইচ্ছুক তাঁরা ফর্ম নং III বা IV -এর মাধ্যমে নাম নথিভুক্ত করাতে পারেন।

২। যাঁরা জাতীয় খাদ্য সুরক্ষা আইন বা রাজ্য খাদ্য সুরক্ষা যোজনায় ডিজিটাল কার্ড পাননি অথবা কার্ডে যদি ভুল থাকে অথবা নতুন কার্ড দূরবর্তী কোনও ডিলারের সাথে যুক্ত হয়ে থাকে তবে যতদিন পর্যন্ত না নতুন কার্ড পান বা কার্ড সংশোধন হয় ততদিন পুরানো দোকান থেকেই রেশন পাবেন। সংশ্লিষ্ট ফর্মে সংযোজন (Form No.III-R/III-U বা IV-R/IV-U), সংশোধন (Form No.V-R/V-U) বা ডিলার পরিবর্তনের জন্য (Form No.VI-R/VI-U) আবেদন করার তিন মাসের মধ্যে আবেদনের নিষ্পত্তি করা হবে।

৩। এই পরিপ্রেক্ষিতে এখনও জাতীয় খাদ্য সুরক্ষা আইন (NFSA) বা রাজ্য খাদ্য সুরক্ষা যোজনার (RKSJ) কার্ড পাননি এমন ব্যক্তি যদি ভর্তুকি-যুক্ত খাদ্য শস্য পেতে চান সে ক্ষেত্রে নিম্নলিখিত পদ্ধতিগুলি অবলম্বন করতে হবে।

ক) অন্ত্যোদয় অন্ন যোজনায় (AAY) খাদ্য সামগ্রী পেতেন কিন্তু জাতীয় খাদ্য সুরক্ষা আইন (NFSA) বা রাজ্য খাদ্য সুরক্ষা যোজনার (RKSJ) কার্ড পাননি এমন ব্যক্তি যদি তাঁর পুরাতন রেশন কার্ড যার উপরে “NFSA/ RKSJ card delivered” এই মর্মে কোনও স্ট্যাম্প নেই সেরকম কার্ড সংশ্লিষ্ট রেশন দোকানে উপস্থাপন করে খাদ্য শস্য পেতে চান তবে তাঁকে ফর্ম নং III বা IV পূরণ করে সংশ্লিষ্ট রেশন দোকানে জমা দিতে হবে। পূরণ করা ফর্ম পেলে

তৎক্ষণাৎ সংশ্লিষ্ট ডিলার তাঁকে পরিবার পিছু মাসে ৩৫ কিলোগ্রাম খাদ্যশস্য (১৫ কেজি চাল ও ২০ কেজি গম/ আটা) ২ টাকা কিলো দরে দেবেন।


খ) অন্য যে কোন রেশন কার্ডে খাদ্য সামগ্রী পেতেন কিন্তু জাতীয় খাদ্য সুরক্ষা আইন (NFSA) বা রাজ্য খাদ্য সুরক্ষা যোজনার (RKSJ) কার্ড পাননি এমন ব্যক্তি যদি তার পুরাতন রেশন কার্ড যার উপরে “NFSA/ RKSJ card delivered” এই মর্মে কোনও স্ট্যাম্প নেই সেরকম কার্ড সংশ্লিষ্ট রেশন দোকানে উপস্থাপন করে খাদ্য শস্য পেতে চান তবে তাঁকে ফর্ম নং III বা IV পুরন করে সংশ্লিষ্ট রেশন দোকানে জমা দিতে হবে। পুরন করা ফর্ম পেলে তৎক্ষণাৎ সংশ্লিষ্ট ডিলার তাঁকে মাথা পিছু মাসে ৫ কিলোগ্রাম খাদ্যশস্য (২ কেজি চাল ও ৩ কেজি গম) ২ টাকা কিলো দরে (আটার ক্ষেত্রে ৩.৫০ টাকা কিলো দরে) দেবেন।

৪। সংশ্লিষ্ট রেশন ডিলার এই রকম উপভোক্তাদের রেশন কার্ড নং, শ্রেণী (AAY/ BPL/ APL), ফোলিও নং ইত্যাদি তথ্য একটি রেজিস্ট্রারে নথিভুক্ত করবেন এবং পুরন করা ফর্ম III বা IV সংরক্ষণ করবেন যা পরবর্তীকালে খাদ্য ও সরবরাহ দপ্তরের আধিকারিকদের কাছে জমা দিতে হবে তথ্য ভাণ্ডার আপডেট করার জন্য বা সংশোধিত বরাদ্দের জন্য।

৫। অনিবার্য কারণ বশত ডিলারদের দোকানে প্রয়োজনীয় খাদ্য শস্যের পরিমাণে সরবরাহ জনিত যদি কোন সমস্যা থাকে তবে সংশ্লিষ্ট রেশন দোকানদার রেশন গ্রাহকদের একটি “Due Slip” দেবেন এবং এই ধরনের গ্রাহকদের সমস্ত তথ্যাদি একটি রেজিস্ট্রার-এ লিপিবদ্ধ করবেন। গ্রাহক ১৫ দিনের মধ্যে তাঁর প্রাপ্য খাদ্যশস্য পাবেন।

৬। ডাইরেক্টর ডি.ডি.পি.এস. ও ডাইরেক্টর রেশনিং বর্ধিত সরবরাহের জন্য প্রয়োজনীয় বরাদ্দ করবেন।

৭। এই ব্যবস্থা অবিলম্বে কার্যকর হবে।

  
যুগ্ম সচিব

খাদ্য ও সরবরাহ দপ্তর

